

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য মন্ত্রণালয়
অভ্যন্তরীণ প্রশাসন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.mofood.gov.bd

নং-১৩.০০.০০০০.০১৩.১২.০০২.১১-১৮৯

তারিখঃ ১৭ ফাল্গুন ১৪২২ ব./ ২৯ ফেব্রুয়ারি ২০১৬ খ্রি.

প্রজ্ঞাপন

বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ের ১৩/০৯/২০১৫ তারিখের ৮০.৩০১(গোপনীয়)/অংশ-১৯৭৫/২০১৫/১৫৩ নং স্মারকের সুপারিশক্রমে নিম্নবর্ণিত প্রার্থীকে খাদ্য মন্ত্রণালয়ের ব্যক্তিগত কর্মকর্তা (২য় শ্রেণী) পদে জাতীয় বেতনস্কেল, ২০১৫ অনুযায়ী ১৬০০০/-১৬৮০০-১৭৬৪০-১৮৫৩০-১৯৪৬০-২০৪৪০-২১৪৭০-২২৫৫০-২৩৬৮০-২৪৮৭০-২৬১২০-২৭৪৩০-২৮৮১০-৩০২৬০-৩১৭৮০-৩৩৩৭০-৩৫০৪০-৩৬৮০০-৩৮৬৪০/- টাকা বেতনস্কেলে অস্থায়ীভাবে নিম্নোক্ত শর্তাধীনে নিয়োগ প্রদান করা হলঃ

ক্রঃ নং	নাম	পিতার ও মাতার নাম	স্থায়ী ঠিকানা
১	মোঃ গোলাম রব্বানী (রেজিঃ ৬৭৪৮০৮)	পিতাঃ মোঃ জবেদ আলী মাতাঃ মোছাঃ আবিরোন নেছা	গ্রাম ও ডাকঘর- নাউতারা, উপজেলা- ডিমলা, জেলা- নীলফামারী

২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

নিয়োগের শর্তাবলিঃ

- (১) এ নিয়োগ সম্পূর্ণ অস্থায়ী। নিয়োগপ্রাপ্ত ব্যক্তিকে চাকরিতে যোগদানের তারিখ থেকে ২ (দুই) বছর শিক্ষানবিস হিসেবে কাজ করতে হবে। শিক্ষানবিসকালে যদি তিনি চাকরিতে বহাল রাখার অনুপযোগী বলে বিবেচিত হন তবে কোন কারণ দর্শানো ব্যতিরেকে এবং বাংলাদেশ সরকারি কর্মকমিশনের পরামর্শ ব্যতিরেকে তাঁকে চাকরি থেকে অপসারণ করা যাবে;
- (২) যোগদানের সময় এ নিয়োগপত্রের মূলকপি অবশ্যই সঙ্গে আনতে হবে।
- (৩) তাঁর চাকরি সরকারি নিয়ম কানুন এবং প্রচলিত বিধি বিধান অনুযায়ী পরিচালিত হবে।
- (৪) উল্লিখিত শর্তাবলীর আওতায় চাকুরিতে যোগদানে সম্মত হলে আগামী ১৪.০৩.২০১৬ তারিখের মধ্যে তাঁকে চাকুরিতে যোগদান করতে হবে। নির্ধারিত সময়সীমার মধ্যে যোগদানে ব্যর্থ হলে এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে।
- (৫) এ পদে যোগদানের জন্য তাঁকে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

রাষ্ট্রপতির আদেশক্রমে
স্বাক্ষরিত/-

এস.এম. আনছারুজ্জামান
উপসচিব


ফোন-৯৫৪০১৫৪

email: admin1@mofood.gov.bd

অপর পাতার দৃষ্টব্য

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে)

- ১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়/অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দৃঃ আঃ যুগ্মসচিব, নিরাপত্তা-২ঃ- সচিবালয়ে প্রবেশের জন্য উল্লিখিত কর্মকর্তার বর্তমান পদবী অনুসারে একটি স্থায়ী পরিচয় পত্র ইস্যু করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হল)।
- ৩। সচিব, বাংলাদেশ সরকারি কর্মকমিশন সচিবালয়, ঢাকা।
- ৪। অতিরিক্ত সচিব (প্রশাসন/পরিকল্পনা ও উন্নয়ন), খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। মহাপরিচালক, এফপিএমইউ, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা।
- ৬। যুগ্মসচিব (সকল), খাদ্য মন্ত্রণালয়।
- ৭। উপসচিব/উপপ্রধান----- (সকল), খাদ্য মন্ত্রণালয়।
- ৮। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব,/ মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, খাদ্য মন্ত্রণালয়।
- ৯। উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা দপ্তর, বাংলাদেশ সরকারি মুদ্রালয়, তেজগাঁও, ঢাকা (বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের জন্য)
- ১০। সচিব মহোদয়ের একান্ত সচিব, খাদ্য মন্ত্রণালয়।
- ১১। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, খাদ্য মন্ত্রণালয়।
- ১২। সহকারী প্রোগ্রামার, খাদ্য মন্ত্রণালয়, ঢাকা (খাদ্য মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
- ১৩। হিসাব রক্ষণ কর্মকর্তা, খাদ্য মন্ত্রণালয়, ঢাকা।
- ১৪। জনাব মোঃ গোলাম রব্বানী, পিতাঃ মোঃ জবেদ আলী, মাতাঃ মোছাঃ আবিরোন নেছা, গ্রাম ও ডাকঘর- নাউতারা, উপজেলা- ডিমলা, জেলা- নীলফামারী
- ১৫। অফিস কপি।



এস.এম. আনহারুজ্জামান
উপসচিব